কলকাতা, কাঁথি, শিলিগুড়ি ও পোর্ট ব্লেয়ার থেকে একযোগে প্রকাশিত

আর্থিক লিপি

যোগাযোগ করুন : 230- 269,230-230, Fax : (03192) 234-325, E-mail : arthiklipi@gmail.com

VOI - VI ISSUE NO. 172 ৬ পাতা • পোর্ট ব্লেয়ার • বুধবার • ১৭ মাঘ, ১৪২৪ • ৩১ জানুয়ারি, ২০১৮ • PORT BLAIR • WEDNESDAY • JANUARY 31, 2018 Price : Rs. 3.00 • মূল্য : ৩ টাকা

কঠোর আদিত্যনাথ

কাসগঞ্জ হিংসায় জড়িতদের বিরুদ্ধে কড়া ব্যবস্থা নেওয়ার কথা ঘোষণা করলেন উত্তর প্রদেশের মুখ্যমন্ত্রী যোগী আদিত্যনাথ। ইতিমধ্যেই কেন্দ্রীয় সরকার যোগীর কাছে রিপোর্ট চেয়েছে।

সক্রিয় শত্রুঘ্ন

প্রাক্তন কেন্দ্রীয় বিদেশমন্ত্রী যশবন্ত সিনহার 'রাষ্ট্র মঞ্চ' গোষ্ঠীতে যোগ দিলেন বিজেপি এমপি শত্রুঘ্ন সিনহা। যশবন্তের রাষ্ট্র মঞ্চ উদ্বোধনে উপস্থিত ছিলেন সাংসদ দীনেশ ত্রিবেদী, রেণুকা চৌধুরী।

রোজ নামচা

প্রদর্শনী :

গান্ধি পার্কের আর্ট গ্যালারিতে 'গ্লিম্পেস অফ আইল্যান্ড ওমেন'-এর মহিলাদের ছবি পেন্টিং এবং ফটোগ্রাফের প্রদর্শনী হবে। চলবে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত।

সক্ষম ২০১৮ :

তেল ও গ্যাসের ব্যবহার বিষয়ক একটি আলোচনা শিবির অনুষ্ঠিত হবে। এই অনুষ্ঠানটি চলবে ১৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

সম্প্রচার :

পোর্ট ব্লেয়ারের অল ইন্ডিয়া রেডিওতে বাংলায় লাইভ ফোন ইন প্রোগ্রাম 'ডাক্তারবাবুর সমীপে' সম্প্রচারিত হবে সন্ধে সাড়ে ৫টা থেকে ৬টা পর্যন্ত।

পুজো :

গারাচারমার শ্রী ধনদায়ুথাপানি মন্দিরে আগুনের উপর দিয়ে হাঁটার উৎসব পালিত হবে।

প্রদর্শনী :

গান্ধি পার্কের আর্ট গ্যালারিতে মহিলাদের পেন্টিং এবং ফটোগ্রাফির প্রদর্শনী হয়। এদিনের থিম ছিল 'গ্লিমপাস অফ আইল্যান্ডস্ ওমেন'-এর মহিলাদের ছবি পেন্টিং এবং ফট্রোগ্রাফের প্রদর্শনী হবে। চলবে ৬ ফেব্রুয়ারি পর্যন্ত।

জাহাজ ছাড়বে :

হাডো ওয়ার্ফ বন্দর থেকে সকাল সাড়ে ৬টায় ডিগলিপুরের উদ্দেশে যাত্রা করবে এমভি কোরাল ক্যুইন।

ক্যাম্প :

কার নিকোবরের মুসগ্রাম এবং স্বাই গ্রামে ফ্রি আয়ুর্বেদা হেল্‌থ ক্যাম্পের আয়োজন করা হয়েছে। চলবে আগামী ৫ ফেব্রুয়ারি পর্যন্ত।

গতি নিয়ন্ত্রণ মিটার না থাকলে বাণিজ্যিক যানের রিনিউয়াল নয়

দ্বীপপুঞ্জে গাড়ির গতিবেগের সর্বোচ্চ সীমা ১২০

রূপা লাল • পোর্ট ব্লেয়ার

সমস্ত যানবাহনের গতিবেগ একটি নির্দিষ্ট সীমারেখার মধ্যে বেঁধে দিতে চাইছে দ্বীপপুঞ্জের স্টেট ট্রান্সপোর্ট অথরিটি। কোনওভাবেই যাতে সেই গতিবেগের বেশি গাড়ি না চলে, তার জন্য এই উদ্যোগে গ্রহণ করা হয়েছে। মূলত দুর্ঘটনা রোধ করার জন্যই এই উদ্যোগে নেওয়া হয়েছে বলে জানানো হয়েছে। আগামী চার মাসের মধ্যে এ ব্যাপারে চূড়ান্ত নির্দেশিকা তৈরি হয়ে যাবে। যে সমস্ত গাড়িতে গতিবেগ মাপার যন্ত্র নেই বা থাকলেও তা অকেজো অবস্থায় রয়েছে, সেই সমস্ত গাড়ির রিনিউয়াল হবে না বলে স্টেট ট্রান্সপোর্ট অথরিটির তরফে এদিন জানানো হয়েছে।

এদিন স্টেট ট্রান্সপোর্ট অথরিটির এক প্রবীণ আধিকারিক জানিয়েছেন, নতুন বাণিজ্যিক যানগুলিতে গতিবেগ মাপার যন্ত্র থাকা আবশ্যিক। সমস্ত নতুন গাড়িতে এই যন্ত্রাংশ না থাকলে কোনওভাবেই রেজিস্ট্রেশন করবে না স্টেট ট্রান্সপোর্ট অথরিটি। যে সমস্ত যানবাহনে এখনও পর্যন্ত এই মিটার নেই, সেই সমস্ত গাড়িতে মিটার লাগিয়ে নেওয়ার জন্য নির্দেশিকা জারি করা হয়েছে। ওই আধিকারিক আরও বলেছেন, দ্বীপপুঞ্জে প্রত্যেকটি গাড়িকেই ১২০ কিলোমিটারের মধ্যে গতিবেগ রাখার জন্য নির্দেশ দেওয়া হয়েছে। ৬টি গাড়ির কোম্পানিকে ইতিমধ্যেই নির্দেশ পাঠানো হয়েছে। এরপর যে সমস্ত গাড়ির চালক এই নির্দেশ মানবেন না, তাদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হয়েছে বলেও জানা গিয়েছে। একই সঙ্গে সিগন্যাল মানার জন্য নতুন নির্দেশিকা জারি করা হয়েছে। আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের প্যাসেঞ্জার গাড়ির জন্য ৮০ কিলোমিটার এবং পণ্য সরবরাহকারী গাড়িগুলির জন্য ৬০ কিলোমিটার ও তেল ট্যাঙ্কারগুলির গতিবেগ ৪৫ কিলোমিটার নির্ধারণ করা হয়েছে।

গত বছরেও আন্দামান ও নিকোবর দ্বীপপুঞ্জের তরফ থেকে এ ব্যাপারে একটি নির্দেশিকা জারি করা হয়েছিল। কিন্তু সেই নিয়ম কার্যকরী করতে আরও বেশ কিছুটা সময় লেগে গেল বলে মনে করা হচ্ছে। আসলে সমস্ত বিষয়টি গুছিয়ে নেওয়ার জন্য এই সময় লাগল বলে আধিকারিকরা জানিয়েছেন।

মায়াবন্দরে শেষ হল ১৭তম সুভাষ মেলা

কুর্মা রাও • মায়াবন্দর

উত্তর আন্দামানের মায়াবন্দরে শেষ হল ১৭তম সুভাষ মেলা ও প্রদর্শনীর। এই অনুষ্ঠানের সমাপ্তি ঘোষণা করেন উত্তর ও মধ্য আন্দামানের পুলিশ সুপার ইন্দ্রজিৎ প্রতাপ সিং। তিনি মুখ্য অতিথি হিসেবে উপস্থিত ছিলেন। এছাড়াও হাজির ছিলেন উত্তর ও মধ্য আন্দামান জেলা পরিষদের অধ্যক্ষ। অনুষ্ঠানে মায়াবন্দরের অ্যাসিস্ট্যান্ট কমিশনার বলেন, গ্রামবাসীরা যে উদ্যোগ গ্রহণ করেছেন, তা অবশ্যই প্রশংসার দাবি রাখে।

এদিনের অনুষ্ঠানে মেলা চলাকালীন সফল প্রতিযোগীদের হাতে পুরস্কারও তুলে দেওয়া হয়। পাশাপাশি প্রতিযোগিতায় মৎস্য দফতর, বন দফতর ও কৃষি দফতরের তরফ থেকে মোট ৫০,০০০ টাকা গ্রামবাসীদের সাহায্যের জন্য দেওয়া হয়েছে। বেশকিছু আর্থিকভাবে পিছিয়ে পড়া ছাত্র-ছাত্রীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। বিভিন্ন স্কুলের ছাত্র-ছাত্রী এই অনুষ্ঠানে অংশগ্রহণ করেছিল।

এমজিআইএ স-এ হবে ক্যান্সার স্ক্রিনিং ক্যাম্প

পোর্ট ব্লেয়ার, ৩০ জানুয়ারি : মহাত্মা গান্ধি ইন্টারন্যাশনাল স্কুলের পক্ষ থেকে 'সার্ভিস টু ম্যানকাইন্ড ইজ সার্ভিস টু গড' নামক থিমের উপর ক্যান্সার স্ক্রিনিং ক্যাম্পের আয়োজন করা হয়েছে ব্রুকসাবাদের বাসিন্দাদের জন্য। বাসিন্দারা স্বাস্থ্য পরীক্ষা এবং ক্যান্সার সম্পর্কে জ্ঞানলাভ করবেন এই অনুষ্ঠানের মধ্যে দিয়ে। ৩ ফেব্রুয়ারি সকাল ৯টা থেকে বিকেল ৪টে পর্যন্ত চলবে শিবির। সমস্ত মানুষই এতে যোগদান করতে পারবেন।

৬ ফেব্রুয়ারি থেকে বসবে কনজিউমার কোর্ট

পোর্ট ব্লেয়ার, ৩০ জানুয়ারি : স্টেট কনজিউমার ডিসপুটস রিড্রেসাল কমিশন (স্টেট কমিশন) প্রেসিডেন্ট জাস্টিস অসীম কুমার রায়। ৬ ফেব্রুয়ারি স্টেট কনজিউমার কোর্ট বসবে। পোর্ট ব্লেয়ারের সিভিল সাপ্লাইজ কমপ্লেক্সে স্টেট কমিশন বিল্ডিংয়ে বসবে কোর্ট।

এথিক্যাল হ্যাকিং এবং সাইবার সিকিউরিটির উপর কর্মশালা

পোর্ট ব্লেয়ার, ৩০ জানুয়ারি : রবিবার বিআরএআইটি'র কম্পিউটার সায়েন্স অ্যান্ড ইঞ্জিনিয়ারিং বিভাগের পক্ষ থেকে এথিক্যাল হ্যাকিং এবং সাইবার সিকিউরিটির দু'দিনের কর্মশালার আয়োজন করা হয়েছে। পোর্ট ব্লেয়ারের ওয়েস্ট বেঙ্গল রিজিওনাল সার্কেলের ডিওটি, ডেপুটি ডিজাস্টার জেনারেল হরিবাবু প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন। প্রধান অতিথি পড়ুয়াদের এই কর্মশালায় যোগ দেওয়ার জন্য উৎসাহ জানান। এ কে আর মানিস্ট ওয়েব সার্ভিসেস প্রাইভেট লিমিটেড নয়ডা, লেকচারার রাজীব বাগ অনুষ্ঠানে যোগ দেন।

ক্রীড়া ও সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করল এসওয়াইসি হাড্ডো

পোর্ট ব্লেয়ার, ৩০ জানুয়ারি : হাড্ডোর স্বরাজ ইয়ুথ ক্লাবের পক্ষ থেকে পোঙ্গল, মকরসংক্রান্তি এবং প্রজাতন্ত্র দিবস উপলক্ষে ক্রীড়া এবং সাংস্কৃতিক অনুষ্ঠানের আয়োজন করা হল। বিভিন্ন ক্রীড়া এবং কালচারাল অনুষ্ঠান যেমন অঙ্কন প্রতিযোগিতা, সুইট রেস, স্যাকরেস, মিউজিক্যাল চেয়ার, রঙ্গোলি, টাগ-অফ-ওয়ার, কাপ ব্যালেন্স প্রভৃতি। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পোর্ট ব্লেয়ার কর্পোরেশনের চেয়ারপার্সন ইন্দ্রপাল সিং। এ ছাড়াও উপস্থিত ছিলেন ১ নম্বর ওয়ার্ডের কাউন্সিলর করুণাকরণ। ২৬ জানুয়ারি ভলিবল টুর্নামেন্টের ফাইনাল খেলা হয়। এদিন জেএনআরএম এবং ওয়াইএফসি হাডোর মধ্যে হয় ফাইনাল ম্যাচ। ম্যাচটিতে জেএনআরএম জয়লাভ করে।